দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ৫ কলাম ৮

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা

পত্রিকার মাধ্যমে আমরা জানতে পারলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৩-৯৪ শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষায় নতুন নিয়ম যুক্ত করা হয়েছে। এতে ভর্তিচ্ছু প্রত্যেক প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা ও ইংরেজীতে আলাদাভাবে ৪৫% নম্বর থাকতে হবে। কিন্তু কথা হলো, এমন অনেক ছাত্র আছে যারা বাংলা ও ইংরেজীতে আলাদা ভাবে ৪৫% নম্বর করে না পেলেও দূটি পরীক্ষায় মোট যারা বাংলা ও ইংরাজীতে আলাদাভাবে ৪৫% নম্বর করে না পেলেও পরীক্ষায় ১২৫০-১৩০০ নম্বর পেয়েছে তারাও তা হলে ভর্তির অযোগ্য হয়ে যাচ্ছে। আমরা মনে করি ন্যায়ের স্বার্থে এ নিয়ম সংশোধন করা উচিত। কর্তৃপক্ষের কাছে তাই বিনীত আবেদন, ভর্তি পরীক্ষায় বাংলা ও ইংরেজীর নম্বরের শতকরা হার আরো কমানো হোক। অথবা সম্মিলিত বা একত্রিত ভাবে শতকরা হার ধরা হোক। এবং 'ক' ও 'ঘ' ইউনিটের মোট নম্বরের শর্ত পূর্ববৎ রাখা হোক। আশা করি কর্তৃপক্ষ নতুন ভর্তির নিয়মে এসব সংশোধনী এনে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেবেন।

মোঃ আলী আজগর
মীরপুর, ঢাকা।